দৈনিক বাংলা

তারিখ ... 25 MAR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

৭

১৭

# ক্যাম্পাসে কোন ছাত্র সংগঠন সন্ধ্যার পর মিছিল বের করবে না

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলিতে সন্ধ্যার পর কোন ছাত্র সংগঠন মিছিল বের করবে না। এ ছাড়া কোন ছাত্র সংগঠনের মিছিলে অপর কোন সংগঠ-

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

**ক্যাম্পাসে** (প্রথম পৃষ্ঠার পর)

নের নেতা-নেত্রীকে কটাক্ষ করে কোন শ্লোগান দেয়া হবে না।

গতকাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ছাত্র সংসদের নেতৃবৃন্দ এ ধরনের একটি সমঝোতায় এসেছেন। দুপুরে ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত হল ছাত্র সংসদগুলির কর্মকর্তাদের এক সভায় এই সমঝোতা প্রতিষ্ঠিত হয়।

সভায় ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা করে মন্তব্য করা হয় যে, পরিস্থিতির যথেষ্ট উন্নতি হয়েছে।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, হল সংসদ কর্মকর্তাবৃন্দ ক্যাম্পাসে শিক্ষার অধিকতর সুষ্ঠু পরিবেশ সৃষ্টির ক্ষেত্রে তাদের সংহতি প্রকাশের উদ্দেশ্যে সবগুলো হলে যাবেন।

এদিকে একটি ছাত্র সংগঠন সর্বদলীয় ছাত্র ঐক্যের প্রতিশ্রুত অঙ্গীকার ভঙ্গ করে সন্ত্রাসের অভিযোগে গ্রেফতারকৃত দুই ব্যক্তির মুক্তির দাবী করে গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। মোহাম্মদ আলী এবং ফারুকের মুক্তির দাবীতে ছাত্রলীগের (আলম-অসীম) মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করার সময় সামান্য উত্তেজনা সৃষ্টি হয়। ছাত্রলীগ কর্মীরা রাস্তায় গিয়ে যানবাহন ভাঙচুরের চেষ্টা করে, কিন্তু দলীয় নেতৃবৃন্দের বাধার মুখে তারা আবার ক্যাম্পাসে ফিরে আসে।

**শিক্ষা ঋণ প্রকল্প চালুর দাবী**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ছাত্র সংসদের ১৭ জন ভিপি ও জিএস এক যুক্ত বিবৃতিতে সোনালী ব্যাংকসহ দেশের সকল রাষ্ট্রায়াত্ত ব্যাংকের শিক্ষা ঋণ প্রকল্প পুণরায় চালু করার দাবী জানিয়েছে।